বান্দরবান পার্বত্য জেলা পরিষদ
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
বান্দরবান।

## ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কার্যক্রমের তথ্য/ প্রতিবেদন

**প্রতিষ্ঠানের নাম** : ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান।

**প্রতিষ্ঠাকাল** : ০১ জুলাই ১৯৮৮।

**রূপকল্প** : অসাম্প্রদায়িক চেতনাসম্পন্ন, সংস্কৃতিমনস্ক, সৃজনশীল ও আলোকিত পার্বত্য ক্ষুদ্র নৃগোষ্ঠী।

**অভিলক্ষ্য** : ক্ষুদ্র নৃগোষ্ঠীর কৃষ্টি, সংস্কৃতি, ইতিহাস, ঐতিহ্য, লোকশিল্প, মাতৃভাষা, বর্ণমালা, সাহিত্য, রীতিনীতি, প্রথা ইত্যাদি সংরক্ষণ এবং গবেষণার মাধ্যমে যুগোপযোগী উন্নয়ন, উৎকর্ষ সাধন ও প্রসার নিশ্চিতকরণ। বান্দরবান ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট বান্দরবান পার্বত্য জেলায় স্থায়ীভাবে বসবাসরত মারমা, ম্রো, ত্রিপুরা, বম, তঞ্চঙ্গ্যা, চাকমা, চাক, খেয়াং, খুমী, লুসাই ও পাংখোয়া অর্থাৎ ১১টি ক্ষুদ্র নৃগোষ্ঠীর জনগণকে সাম্প্রদায়িক সম্প্রীতির ঐতিহ্যে লালিত এ জেলাবাসী সকলের সম্মিলিত প্রয়াসে রূপকল্প ২০২১ বাস্তবায়নে সফল ভূমিকা রেখে ২০৪১ সালের মধ্যে উন্নত ও সমৃদ্ধ বাংলাদেশের উপযোগী একটি আধুনিক প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতেই এ ইনস্টিটিউটের অব্যাহত অগ্রযাত্রা।

**২। ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন :**

নবম জাতীয় সংসদে বিগত ০৫ এপ্রিল ২০১০ তারিখে বাংলাদেশের বিভিন্ন ক্ষুদ্র নৃগোষ্ঠী ও সম্প্রদায়ের অনন্য বৈশিষ্ট্যপূর্ণ আঞ্চলিক সাংস্কৃতিক ঐতিহ্য সংরক্ষণ, উন্নয়ন ও বিকাশের লক্ষ্যে ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিষ্ঠান প্রতিষ্ঠা ও আনুষঙ্গিক বিষয়াদি সম্পর্কে 'ক্ষুদ্র নৃগোষ্ঠী সাংস্কৃতিক প্রতিষ্ঠান আইন, ২০১০' (২০১০ সনের ২৩ নং আইন) পাশ করা হয়েছে। এ আইন জারির প্রেক্ষিতে ইনস্টিটিউট সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন স্বতন্ত্র আইনগত সত্তাবিশিষ্ট সংবিধিবদ্ধ একটি সংস্থা হিসেবে সুপ্রতিষ্ঠিত হয়েছে ও প্রতিষ্ঠানের পূর্বনাম 'উপজাতীয় সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান'এর স্থলে বর্তমান নাম হয়েছে **ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট, বান্দরবান**।

**৩। ২০২০-২০২১ অর্থবছরের সম্পাদিত কার্যাবলি :**

ক॥ **সংস্কৃতি শাখার কার্যাবলি :**

০১) এক মাস মেয়াদি (৩০ কর্মদিবস হিসেবে) মারমা, বম, ম্রো, তঞ্চঙ্গ্যা, ত্রিপুরা ও খেয়াং সংগীত ও নৃত্য, কবিতা আবৃত্তি ও প্রমিত উচ্চারণ এবং চিত্রাঙ্কন (শিশুদের জন্য) প্রশিক্ষণ কোর্স আয়োজন ২২টি। প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৫৮০ জন।

| ক্রম | প্রশিক্ষণের বিষয়/ বিবরণ | কোর্সের সংখ্যা | প্রশিক্ষণপ্রাপ্ত সংখ্যা |
|---|---|---|---|
| ০১। | মারমা ক্ষুদ্র নৃগোষ্ঠীর নৃত্য প্রশিক্ষণ কোর্স | ৬ | ১৫১ |
| ০২। | মারমা ক্ষুদ্র নৃগোষ্ঠীর লোকনাট্য প্রশিক্ষণ কোর্স | ২ | ৪২ |
| ০৩। | তঞ্চঙ্গ্যা ক্ষুদ্র নৃগোষ্ঠীর নৃত্য প্রশিক্ষণ কোর্স | ৪ | ১৫৬ |
| ০৪। | তঞ্চঙ্গ্যা ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংগীত প্রশিক্ষণ কোর্স | ১ | ২৮ |
| ০৫। | তঞ্চঙ্গ্যা ক্ষুদ্র নৃগোষ্ঠীর লোকসংগীত গেংগুলী প্রশিক্ষণ কোর্স | ২ | ৩০ |
| ০৬। | বম ক্ষুদ্র নৃগোষ্ঠীর নৃত্য প্রশিক্ষণ কোর্স | ২ | ৬২ |
| ০৭। | খেয়াং ক্ষুদ্র নৃগোষ্ঠীর নৃত্য প্রশিক্ষণ কোর্স | ২ | ৩৪ |
| ০৮। | খেয়াং ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংগীত প্রশিক্ষণ কোর্স | ১ | ৩৪ |
| ০৯। | ত্রিপুরা ক্ষুদ্র নৃগোষ্ঠীর নৃত্য প্রশিক্ষণ কোর্স | ২ | ৪৩ |
| | **সর্বমোট :** | **২২** | **৫৮০** |

০২) সাত কর্মদিবস মেয়াদি কর্মশালাভিত্তিক অভিনয় প্রশিক্ষণ কোর্স আয়োজন ৪টি এবং ক্ষুদ্র নৃগোষ্ঠীর ভাষায় নাটক, থিয়েটার ও লোকনাট্য মঞ্চায়ন কর্মসূচির আওতায় মারমা, তঞ্চঙ্গ্যা, চাকমা ও খেয়াং ভাষায় নাটক মঞ্চায়ন ৪টি। প্রশিক্ষণপ্রাপ্ত প্রশিক্ষণার্থীর সংখ্যা ৬৯ জন।

| ক্রম | কোর্সের বিবরণ | প্রশিক্ষণপ্রাপ্ত | নাটকের নাম | মঞ্চায়নের স্থান |
|---|---|---|---|---|
| ০১। | তঞ্চঙ্গ্যা অভিনয় কোর্স (১ম ব্যাচ) | ১৮ | 'আউইত' (আশা) | আমতলী পাড়া, সুয়ালক |
| ০২। | খেয়াং অভিনয় কোর্স (২য় ব্যাচ) | ১৭ | 'মঙথাহ্' (নতুন স্বপ্ন) | গুংগুরু মধ্যম পাড়া |
| ০৩। | মারমা অভিনয় কোর্স (৩য় ব্যাচ) | ১৮ | 'আলাঙ রং' (আশার আলো) | জিনামেজু আশ্রম, লামা |
| ০৪। | চাকমা অভিনয় কোর্স (৪র্থ ব্যাচ) | ১৬ | 'জিংহানি' (জীবনধারা) | করুণাপুর, বালাঘাটা |
| | সর্বমোট : | ৬৯ | --- | --- |

০৩) গত ১৪ আগস্ট ২০২০ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২০' পালন উপলক্ষে অনলাইনভিত্তিক আলোচনা সভা 'মৃত্যুঞ্জয়ী বঙ্গবন্ধু' আয়োজন এবং ফেসবুকে সম্প্রচার করা হয়।

০৪) গত ১৫ আগস্ট ২০২০ স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৫তম শাহাদত বার্ষিকীতে 'জাতীয় শোক দিবস ২০২০' পালন উপলক্ষে চার দিনব্যাপী অনলাইনভিত্তিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা এবং সাংস্কৃতিক অনুষ্ঠান 'বঙ্গবন্ধু বাঙালির স্বপ্ন' আয়োজন এবং ফেসবুকে সম্প্রচার করা হয়।

০৫) বান্দরবান পার্বত্য জেলার সকল ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংগীত ও নৃত্য বিষয়ে 'অনলাইনভিত্তিক ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২০' এবং বিভিন্ন জাতীয় দিবস উদ্‌যাপন উপলক্ষে সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা আয়োজন ৯টি। পুরস্কার ও প্রশংসা পত্র বিতরণী এবং সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন ১৬টি। পুরস্কারের সংখ্যা ৮১৫টি। গত ২৯ অক্টোবর ২০২০ সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী জনাব কে এম খালিদ, এমপি 'অনলাইনভিত্তিক ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২০'এর বিজয়ীদের মধ্যে পুরস্কার ও প্রশংসা পত্র বিতরণ করেন এবং তিনি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী "মুজিববর্ষ" উপলক্ষে ইনস্টিটিউট গ্রন্থাগারে স্থাপিত "বঙ্গবন্ধু কর্ণার" শুভ উদ্বোধন করেন।

০৬) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে রাষ্ট্রীয় অনুষ্ঠানমালার অনুসরণে ১৭ মার্চ ২০২১ হতে ২৬ মার্চ ২০২১ পর্যন্ত ১০ (দশ) দিনব্যাপী নিম্নবর্ণিত অনুষ্ঠানমালা আয়োজন করা হয়।

- ক. ১৭ মার্চ ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মবার্ষিকী উপলক্ষে ১০১টি মঙ্গল প্রদীপ প্রজ্বলন।
- খ. ১৮ মার্চ ২০২১ কবিতা পাঠের আসর।
- গ. ১৯ মার্চ ২০২১ দেশাত্মবোধক গানের আসর।
- ঘ. ২০-২২ মার্চ ২০২১ পর্যন্ত তিন দিনব্যাপী 'স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী অনলাইনভিত্তিক সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ২০২১'।
- ঙ. ২৩ মার্চ ২০২১ দেশাত্মবোধক গানে নৃত্যানুষ্ঠান।
- চ. ২৪ মার্চ ২০২১ জাতির পিতা রচিত গ্রন্থ থেকে পাঠ।
- ছ. ২৫ মার্চ ২০২১ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ১০১তম জন্মবার্ষিকী উপলক্ষে ১০১ ফুট দীর্ঘ ক্যানভাসে আঁকা এবং
- জ. ২৬ মার্চ ২০২১ তারিখ ১০১ কণ্ঠে জাতীয় সংগীত পরিবেশন, স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে ৫০টি মঙ্গাল প্রদীপ প্রজ্বলন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উপলক্ষে ১টি ও স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী উদ্‌যাপন উপলক্ষে আর ১টি কেক কাটা হয় এবং সাংস্কৃতিক অনুষ্ঠান 'তুমি বাংলার ধ্রুবতারা' আয়োজন করা হয়।

০৭) স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী “মুজিববর্ষ” উদ্‌যাপন উপলক্ষে বান্দরবান পার্বত্য জেলার ৭টি উপজেলার সকল ছাত্রছাত্রী ও শিল্পীগণের জন্য উন্মুক্ত রেখে ‘মুজিববর্ষ উপজেলাভিত্তিক অনলাইন সাহিত্য ও সাংস্কৃতিক প্রতিযোগিতা’ আয়োজন করা হয়। প্রতিযোগিতার বিস্তারিত বিবরণ নিম্নে দেওয়া হলো :

| ক্রম | উপজেলার নাম | প্রতিযোগিতার তারিখ | মোট প্রতিযোগী | মোট পুরস্কার |
|---|---|---|---|---|
| ০১। | লামা উপজেলা | ২৫-২৬ সেপ্টেম্বর ২০২০ | ১৭২ | ৬৯ |
| ০২। | আলীকদম উপজেলা | ০২-০৩ অক্টোবর ২০২০ | ১১৯ | ৬৯ |
| ০৩। | নাইক্ষ্যংছড়ি উপজেলা | ০৯-১০ অক্টোবর ২০২০ | ৯০ | ৬১ |
| ০৪। | রোয়াংছড়ি উপজেলা | ১৬-১৭ অক্টোবর ২০২০ | ১৪৮ | ৬৯ |
| ০৫। | রুমা উপজেলা | ২৩-২৪ অক্টোবর ২০২০ | ৯৫ | ৭১ |
| ০৬। | থানচি উপজেলা | ০৬-০৭ নভেম্বর ২০২০ | ১৪৬ | ৬৮ |
| ০৭। | বান্দরবান সদর উপজেলা | ১৩-১৪ নভেম্বর ২০২০ | ১৪১ | ৬৮ |
| | | **সর্বমোট :** | **৯১১** | **৪৭৫** |

০৮) গত ৩১ জানুয়ারি ২০২১ রোয়াংছড়ি উপজেলার সাংকিং পাড়ায় জনাব রেলুং খুমী’এর জুমে ‘খুমীদের নবান্ন উৎসব চাথা চানা পই ২০২০’ উপলক্ষে শুভ চাথা চানা পই র‍্যালি, জুমচাষের সরঞ্জামাদি ও জুমের নতুন ফসল প্রদর্শন, খুমীদের লোকসংগীত ও লোকনৃত্য অনুষ্ঠান, আলোচনা সভা ও নতুন ধানের পিঠামেলা, জুমের ফসল উৎসর্গ ও প্রার্থনা এবং নবান্ন পরিবেশন অনুষ্ঠান আয়োজন।

০৯) গত ১১ জুন ২০২১ মারমাদের সুপ্রাচীন ও বৈচিত্র্যময় লোকসংগীত, লোকনৃত্য ও লোকনাট্যের ঐতিহ্যকে তুলে ধরার উদ্দেশ্যে অনলাইনভিত্তিক ‘রামা’ পাংখুং লোকনাট্যানুষ্ঠান ও ‘মারমাদের লোকসাংস্কৃতিক উৎসব ২০২০’ আয়োজন এবং অনুষ্ঠানটি ফেসবুক ও ইউটিউব চ্যানেলে সরাসরি সম্প্রচারকরণ।

১০) গত ১২ জুন ২০২১ বান্দরবান পার্বত্য জেলার সুপ্রাচীন ও বৈচিত্র্যময় আদি সাংস্কৃতিক ঐতিহ্যকে তুলে ধরার উদ্দেশ্যে অনলাইনভিত্তিক ‘ক্ষুদ্র নৃগোষ্ঠীর লোকসাংস্কৃতিক উৎসব ২০২০’ আয়োজন। অনুষ্ঠানে (মারমা ব্যতীত) বম, ম্রো, তঞ্চঙ্গ্যা, ত্রিপুরা, খেয়াং ও খুমীদের লোকসংগীত ও লোকনৃত্য পরিবেশন। অনুষ্ঠানে বিশেষ আমন্ত্রণে বাংলা লোকসংগীত ও বাংলা লোকগানে নৃত্য পরিবেশন এবং অনুষ্ঠানটি ফেসবুক ও ইউটিউব চ্যানেলে সরাসরি সম্প্রচারকরণ।

খ॥ **গবেষণা ও প্রকাশনা শাখার কার্যাবলি :**

০১) দুই মাস মেয়াদি (৬০ কর্মদিবস হিসেবে) মারমা, বম, ম্রো, তঞ্চঙ্গ্যা, চাক, ত্রিপুরা, খুমী ও চাকমা অর্থাৎ ৮টি ক্ষুদ্র নৃগোষ্ঠীর মাতৃভাষার বর্ণমালার মাধ্যমে ‘ক্ষুদ্র নৃগোষ্ঠীর ভাষা শিক্ষা কোর্স (অক্ষর জ্ঞান)’ আয়োজন ১৯টি। মাতৃভাষা শিক্ষা গ্রহণকারী শিক্ষার্থীর সংখ্যা ৫৪২ জন।

| ক্রম | কোর্সের বিবরণ | কোর্সের সংখ্যা | শিক্ষাগ্রহণকারীর সংখ্যা |
|---|---|---|---|
| ০১। | মারমা ভাষা শিক্ষা কোর্স (অক্ষর জ্ঞান) | ৮ | ২৪২ |
| ০২। | বম ভাষা শিক্ষা কোর্স (অক্ষর জ্ঞান) | ২ | ৫৩ |
| ০৩। | খুমী ভাষা শিক্ষা কোর্স (অক্ষর জ্ঞান) | ১ | ২১ |
| ০৪। | তঞ্চঙ্গ্যা ভাষা শিক্ষা কোর্স (অক্ষর জ্ঞান) | ৪ | ১১৮ |
| ০৫। | ম্রো ভাষা শিক্ষা কোর্স (অক্ষর জ্ঞান) | ২ | ৫৮ |
| ০৬। | ত্রিপুরা ভাষা শিক্ষা কোর্স (অক্ষর জ্ঞান) | ১ | ২৭ |
| ০৭। | চাকমা ভাষা শিক্ষা কোর্স (অক্ষর জ্ঞান) | ১ | ২৩ |
| | **সর্বমোট :** | **১৯** | **৫৪২** |

০২) গত ১০-১৫ জুন ২০২১ মোট ৬ (ছয়) দিনব্যাপী স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় এবং সমপর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ক্ষুদ্র নৃগোষ্ঠীর ছাত্রছাত্রীদের মাতৃভাষায় লিখতে, পড়তে ও বলতে পারার দক্ষতা পরীক্ষা এবং সার্বিক ক্ষেত্রে মান উন্নয়ন করার উদ্দেশ্যে ইনস্টিটিউটের গবেষণা ও প্রকাশনা শাখা উদ্যোগে মারমা ভাষা, বম ভাষা, ম্রো ভাষা, তঞ্চঙ্গ্যা ভাষা, চাক ভাষা, ত্রিপুরা ভাষা, খুমী ভাষা ও চাকমা ভাষা অর্থাৎ মোট ৮টি ভাষার বর্ণমালার মাধ্যমে 'মাতৃভাষায় সাহিত্য প্রতিযোগিতা ২০২০' আয়োজন। এছাড়াও পার্বত্য চট্টগ্রাম ও ক্ষুদ্র নৃগোষ্ঠী বিষয়ক 'রচনা প্রতিযোগিতা ২০২০' আয়োজন। মোট ৯টি প্রতিযোগিতায় পুরস্কারের সংখ্যা ২০২টি।

| ক্রম | প্রতিযোগিতার শিরোনাম | প্রতিযোগিতার তারিখ | পুরস্কারের সংখ্যা |
|---|---|---|---|
| ০১। | খুমী ভাষায় সাহিত্য প্রতিযোগিতা ২০২১ | ১০.০৬.২০২১ | ২৪ |
| ০২। | তঞ্চঙ্গ্যা ভাষায় সাহিত্য প্রতিযোগিতা ২০২১ | ১১.০৬.২০২১ | ২৭ |
| ০৩। | বম ভাষায় সাহিত্য প্রতিযোগিতা ২০২১ | ১১.০৬.২০২১ | ২৩ |
| ০৪। | চাকমা ভাষায় সাহিত্য প্রতিযোগিতা ২০২১ | ১২.০৬.২০২১ | ২৬ |
| ০৫। | ম্রো ভাষায় সাহিত্য প্রতিযোগিতা ২০২১ | ১৩.০৬.২০২১ | ২৮ |
| ০৬। | চাক ভাষায় সাহিত্য প্রতিযোগিতা ২০২১ | ১৪.০৬.২০২১ | ১৭ |
| ০৭। | ত্রিপুরা ভাষায় সাহিত্য প্রতিযোগিতা ২০২১ | ১৪.০৬.২০২১ | ২২ |
| ০৮। | মারমা ভাষায় সাহিত্য প্রতিযোগিতা ২০২১ | ১৫.০৬.২০২১ | ২৩ |
| ০৯। | রচনা প্রতিযোগিতা ২০২০ | ৩০.০৭.২০২০ | ১২ |
| | | **সর্বমোট :** | **২০২** |

০৩) শুভ নবান্ন উৎসব ১৪২৭ উদ্‌যাপন উপলক্ষে গত ২২ জুন ২০২১ 'চাথা চানা পই : খুমীদের ঐতিহ্যবাহী জুমচাষভিত্তিক জীবন-জীবিকা ও বৈচিত্র্যপূর্ণ স্বকীয়তার পরিচয়' শীর্ষক একটি অনলাইনভিত্তিক কর্মশালা এবং শুভ বাংলা নববর্ষ ১৪২৮ ও সাংগ্রাইং-বিজু-বৈসু উৎসব উদ্‌যাপন উপলক্ষে গত ২৬ জুন ২০২১ 'মারমাদের সাংগ্রাইং উৎসব ও বর্ষবরণ : প্রেক্ষিত মারমা বর্ষপঞ্জি ও সন গণনার ইতিবৃত্ত' শীর্ষক আর একটি অনলাইনভিত্তিক কর্মশালা আয়োজন। ২টি কর্মশালায় অংশগ্রহণকারী মোট রিসোর্স পারসন ৪৬ জন।

গ॥ **<u>গ্রন্থাগার ও জাদুঘর শাখার কার্যাবলি</u> :**

০১) দুই মাস মেয়াদি (৬০ কার্যদিবস হিসেবে) মারমা, তঞ্চঙ্গ্যা, ম্রো, চাক, চাকমা, খেয়াং ও খুমীদের ঐতিহ্যবাহী তাঁত বুনন ও পোশাক তৈরি প্রশিক্ষণ কোর্স আয়োজন (কেবল নারীদের জন্য) ০৭টি। প্রশিক্ষণপ্রাপ্ত তাঁতীর সংখ্যা ১৩৮ জন।

| ক্রম | কোর্সের নাম | কোর্সের সংখ্যা | প্রশিক্ষণপ্রাপ্ত তাঁতী |
|---|---|---|---|
| ০১। | মারমাদের ঐতিহ্যবাহী তাঁত বুনন ও পোশাক তৈরি প্রশিক্ষণ কোর্স | ১ | ২০ |
| ০২। | চাকদের ঐতিহ্যবাহী তাঁত বুনন ও পোশাক তৈরি প্রশিক্ষণ কোর্স | ১ | ২০ |
| ০৩। | ম্রোদের ঐতিহ্যবাহী তাঁত বুনন ও পোশাক তৈরি প্রশিক্ষণ কোর্স | ১ | ২০ |
| ০৪। | তঞ্চঙ্গ্যাদের ঐতিহ্যবাহী তাঁত বুনন ও পোশাক তৈরি প্রশিক্ষণ কোর্স | ১ | ২০ |
| ০৫। | খেয়াংদের ঐতিহ্যবাহী তাঁত বুনন ও পোশাক তৈরি প্রশিক্ষণ কোর্স | ১ | ২০ |
| ০৬। | খুমিদের ঐতিহ্যবাহী তাঁত বুনন ও পোশাক তৈরি প্রশিক্ষণ কোর্স | ১ | ১৮ |
| ০৭। | চাকমাদের ঐতিহ্যবাহী তাঁত বুনন ও পোশাক তৈরি প্রশিক্ষণ কোর্স | ১ | ২০ |
| | **সর্বমোট :** | **৭** | **১৩৮** |

০২) গত ২৯ অক্টোবর ২০২০ জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী 'মুজিববর্ষ' উদ্‌যাপন উপলক্ষে বান্দরবান ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউটের গ্রন্থাগার ও জাদুঘর শাখার উদ্যোগে ইনস্টিটিউটের গ্রন্থাগারে 'মুজিব কর্ণার' স্থাপন করা হয়েছে।

০৭.০৭.২০২১
মং নু চিং
পরিচালক (চলতি দায়িত্ব)
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট